



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা



<http://www.gshs.edu.bd>

## Group-B

শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি : শিক্ষাবর্ষ ২০২৫ খ্রি.

আবেদন ফরম পূরণ, জমার তারিখ ও সময় :

১২/১১/২০২৪ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ১১:০০টা থেকে শুরু হয়ে ৩০/১১/২০২৪ খ্রি. তারিখ শনিবার বিকাল ৫:০০টা পর্যন্ত অনলাইনে (<https://gsa.teletalk.com.bd>) আবেদন করা যাবে।

ভর্তির আবেদন ফি- ১১০(একশত দশ) টাকা টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

### শিক্ষার্থী ভর্তির শ্রেণি ও শিফট

যে যে শ্রেণিতে ভর্তি করা হবে	যে শিফটে ভর্তি করা হবে	ক্যাচমেন্ট এরিয়া
২য় শ্রেণি-বালক	দিবা শাখা	তেজগাঁও, তেজগাঁও শিল্পাঞ্চল, শেরে বাংলা নগর।
৩য় শ্রেণি-বালক	প্রভাতি শাখা	
৩য় শ্রেণি-বালক	দিবা শাখা	
৫ম শ্রেণি-বালক	প্রভাতি শাখা	
৫ম শ্রেণি-বালক	দিবা শাখা	
৬ষ্ঠ শ্রেণি-বালক	দিবা শাখা	
৭ম শ্রেণি-বালক	দিবা শাখা	
৮ম শ্রেণি-বালক	দিবা শাখা	
৯ম শ্রেণি (বিজ্ঞান) -বালক	প্রভাতি শাখা	
৯ম শ্রেণি (বিজ্ঞান) -বালক	দিবা শাখা	

বি. দ্র.ঃ বিদ্যালয়ে ভর্তি ফরম পাওয়া যাবে না। ভর্তি ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

- \*\* কোনো আবেদনকারী অসদুপায় অবলম্বন করে একই প্রতিষ্ঠানে একাধিকবার আবেদন করলে বা কোনো ধরনের অসত্য তথ্য প্রদান করলে অথবা প্রকৃত তথ্য গোপন করে নির্বাচিত হলে পরবর্তীতে তা প্রমানিত হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।
- \*\* যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের প্রয়োজ্য কোটার বক্সে অবশ্যই টিক চিহ্ন দিতে হবে। অন্যথায় কোটা বিবেচনা করা হবে না।
- \*\* প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি সংরক্ষণ করতে হবে।।

### আনুষঙ্গিক গুরুত্বপূর্ণ তথ্যাদি:

১. সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির নীতিমালা অনুযায়ী ২০২৫ শিক্ষাবর্ষে ২য় শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৭+ বছর নির্ধারিত হবে।
২. ভর্তির সময় বয়সের প্রমাণপত্র হিসাবে অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
৩. ভর্তির সময় পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের ছাড়পত্রের (টিসি) মূল কপি এবং পূর্ববর্তী শ্রেণির বার্ষিক পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণের প্রমাণপত্র জমা দিতে হবে। যদি নির্ধারিত সময়ে উল্লেখিত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
৪. লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময় প্রবেশপত্রের মূল কপি (রঙিন) জমা দিতে হবে।
৫. কোটার দাবিদার হলে কোটার জন্য নির্দিষ্ট বাটনে ক্লিক করতে হবে। ভুলবশত এই অপশন দিলে এবং পরবর্তীতে কোটার আসন পেলেও তার ভর্তি বাতিল হয়ে যাবে।
৬. আবেদনকারীর সহোদর ভাই এই বিদ্যালয়ে অধ্যয়নরত থাকলে আবেদনের সময় সহোদর বাটনে ক্লিক করতে হবে এবং শ্রেণি শিক্ষকের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর কাছ থেকে সংগৃহীত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৭. বিভিন্ন কোটায় নির্বাচিত আবেদনকারীদের কোটার সপক্ষে প্রয়োজনীয় মূল প্রমাণপত্র এবং এদের সত্যায়িত কপিসহ অন্যান্য কাগজপত্রাদি ফলাফল প্রকাশের পর দেখাতে হবে।
৮. শিক্ষার্থী যে শিফটে নির্বাচিত হবে সেই শিফটেই ভর্তি হতে হবে। পরবর্তীতে কোনো অবস্থাতেই শিফট পরিবর্তন করা যাবে না।
৯. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

(রহিমা আক্তার)

প্রধানশিক্ষক

গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল  
তেজগাঁও, ঢাকা